



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd



মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০২.২১.৯৮০২

তারিখ: ২৩ অক্টোবর ২০২১


বিষয়: আগামী ৩১ অক্টোবর ২০২১ তারিখে জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদান অনুষ্ঠানে উপস্থিতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদান অনুষ্ঠান আগামী ৩১ অক্টোবর ২০২১ তারিখ সকাল ১০:০০ টায় বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হবে। মাঠ পর্যায়ের সকল উপপরিচালক, উপপ্রকল্প পরিচালক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, হিসাবরক্ষক ও প্রশিক্ষণ ইনস্টিটিউট/কেন্দ্রের উপপরিচালক/অনুদেষ্টা, সহকারী পরিচালক, ম্যানেজার, উর্ধ্বতন সহকারী পরিচালক, আর্টিস্ট, লাইব্রেরিয়ান, হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাবরক্ষক এবং সকল প্রকল্প/কর্মসূচির সহকারী পরিচালক, উপজেলা প্রকল্প কর্মকর্তা, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, উপপ্রকল্প কর্মকর্তা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার, শস্য উন্নয়ন কর্মকর্তা, কোয়ালিটি কন্ট্রোল কাম ডিজাইনার, ডিসপ্লে ম্যানেজারগণকে (রাষ্ট্রীয় জরুরি কাজে নিয়োজিত কর্মকর্তা ব্যতীত) উক্ত অনুষ্ঠানে যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বর্ণিত অনুষ্ঠানে আগমন উপলক্ষে রাজস্ব বাজেটের আওতাভুক্ত কর্মকর্তাগণ রাজস্ব বাজেট হতে এবং প্রকল্প/কর্মসূচির কর্মকর্তাগণ স্ব স্ব প্রকল্প/কর্মসূচি হতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিধি মোতাবেক ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন। জেলার উপপরিচালকগণ তাঁদের স্ব স্ব গাড়ি নিয়ে (ঢাকায় চলাচলের উপযুক্ত হলে) অনুষ্ঠানে যোগদান করতে পারবেন।

০৩। সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণ জেলা/উপজেলা পর্যায়ে অফিসের সেবা ও নিরাপত্তা বিধানপূর্বক তাঁর আওতাধীন বর্ণিত কর্মকর্তাদেরকে নিয়ে ঢাকায় আগমন নিশ্চিত করবেন এবং সংযুক্ত ছক মোতাবেক অনুষ্ঠানস্থলে উপস্থিত কর্মকর্তাদের হাজিরা গ্রহণপূর্বক উপপরিচালক (প্রশাসন) এর নিকট দাখিল করবেন।

০৪। বিষয়টি অতীব জরুরি।



২৩.১০.২০২১
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০২.২১.৯৮০২

তারিখ: ২৩ অক্টোবর ২০২১

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ/বিআরডিটিআই), বিআরডিবি, ঢাকা/সিলেট।
- ২। যুগ্মপরিচালক (সকল),বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক (সকল),.....বিআরডিবি, ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর।
- ৪। উপপরিচালক (সকল), বিআরডিবি, জেলা।
- ৫। উপপরিচালক (সকল),বিআরডিবি, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা,জেলা।


২৩.১০.২০২১
মো: শফিকুল ইসলাম
সহকারী পরিচালক (পার্সোনেল-৩)

জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদান অনুষ্ঠানে উপস্থিতির হাজিরা

জেলার নাম :

তারিখ : ৩১ অক্টোবর ২০২১

সময় : সকাল ১০:০০ ঘটিকায়

স্থান : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি), আগারগাঁও, ঢাকা।


ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি	কর্মস্থল	স্বাক্ষর	মন্তব্য

(স্বাক্ষর)

নাম :

পদবি : উপপরিচালক

জেলা :


২৬/১০/২০২১
মোঃ শফিকুল ইসলাম
সহকারী পরিচালক (পার্সোনেল-৩)
বিআরডিবি, ঢাকা।

